# উপজেলা পরিষদ
## নকলা, শেরপুর

**নকলা উপজেলা পরিষদের অক্টোবর ২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ হল রুম, নকলা, শেরপুর |
| তারিখ ও সময় | ঃ | ২৮/১০/২০২৫ খ্রি., বেলা ১১.০০ ঘটিকা |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক" |

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভা শুরুতে বিগত সভার কার্যাবিবরণী পাঠ করা হয়। কার্যাবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিভাগের কার্যক্রম আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **প্রশাসক, নকলা পৌরসভা ঃ** প্রশাসক, নকলা পৌরসভা সভায় জানান যে, নকলা পৌরসভার কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানানো হয়। | প্রশাসক, নকলা পৌরসভা, শেরপুর |
| ০২ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে খরিপ-২ মৌসুমে ১৩১১১ হে. জমিতে রোপা আমন আবাদ অর্জিত হয়েছে, যার মধ্যে হাইব্রিড ৭১৩৫ হে., উফশী ৪৭৬৩ হে. এবং স্থানীয় ১২১৩ হে.। খরিপ-২ মৌসুমে আবাদ ৫০% কর্তন করা হয়েছে। উপজেলায় বর্তমান অর্থবছরে সরিষা আবাদের লক্ষ্যমাত্রা ৬০০০ হে.। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোনো সংকট নেই। মাঠ পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, গ্রুপভিত্তিক আলোচনা, মাঠ দিবসসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় গুদাম নির্মাণের জন্য উপজেলা পরিষদের সম্মতি প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।<br>এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | (১) লক্ষ্যমাত্রা অনুযায়ী আবাদের হার শতভাগ অর্জনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) মাঠ পর্যায়ে কৃষকদের সাথে যোগাযোগ, উঠান বৈঠকসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) কৃষি প্রণোদনা উপযুক্ত কৃষককে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) সার ও বীজ মজুদ, বিক্রয় ও বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, নকলা, শেরপুর |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** নকলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চলতি মাসে জরুরী বিভাগে ৩১৫৮ জন, বর্হিঃ বিভাগে ১৬৬৭৪ জন, অন্তঃ বিভাগে ২২৪৩ জন। IMCI তে ২২ জন। ডায়রিয়া ওয়ার্ডে ১৫৬ জন এবং Poisoning জনিত কারণে ০১ জন সেবা গ্রহণ করেছেন। শারীরিক আঘাত জনিত কারণে ১৫৯ জন রোগী ভর্তি হয়েছেন। মোট ১৫টি মেডিকেল সার্টিফিকেট প্রদান করা হয়েছে সবগুলোই সাধারণ। ২৪টি সিসি থেকে মোট ১৭৫৪০ জন রোগীর সেবা প্রদান করা হয়েছে। মোট ১১৯ টি নরমাল ডেলিভারী করানো হয়েছে এবং ৭৬ জনকে ভায়া টেস্ট করানো হয়েছে। বেড অনকুপেন্সি রেট ১৬৫%। ANC কর্ণার-৩৭০ জন, PNC কর্ণার-২০৩ জনকে সেবা দেওয়া হয়েছে। করোনা রোগীদের নমুনা সংগ্রহের পাশাপাশি সকাল ০৯.০০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত প্যাথলজির কার্যক্রম চলছে। যক্ষা রোগীদের জন্য উন্নতমানের জিন এক্সপার্ট ল্যাব স্থাপন করা হয়েছে। যেখানে প্রতিদিন কাশি পরীক্ষা করা হয়। মোট ২৫৮৬টি প্যাথলজি পরীক্ষা হয়েছে। মোট ১২ জনকে ব্লাড ট্রান্সফোশন করা হইয়াছে। মোট ১৬৪ টি X-ray করা হয়েছে এবং মোট ১৯৫ টি ECG করানো হয়েছে। অদ্যাবধি স্বাস্থ্যবিধি অনুসরণ করে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | (১) হাসপাতালের চিকিৎসা সেবার মান নিশ্চিত করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) নির্ধারিত বিধি মোতাবেক রোগীদের পরীক্ষাসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩)মেডিকেল বর্জ্য ও পঁচনশীল বর্জ্য নিয়মিতভাবে পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) টাইফয়েড ভ্যাক্সিনের বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারনা কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নকলা, শেরপুর |

চলমান পাতা-০২

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের আওতায়, পিজি সদস্য এবং নন পিজি খামারীদের ৩৯০০ গরু বাছুরকে বিনামূল্যে লাম্পি স্কিন ডিজিজের ভ্যাক্সিন প্রদান করা হয়েছে। খামার ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে বাস্তব ধারনা প্রধানের জন্য ৯টি ডেইরি ভ্যালুচেইন পিজিতে একটি করে মিল্কিং মেশিন বিতরণ করা হবে। ইতোপূর্বে প্রতিটি ডেইরী ও ষাঁড় পিজিতে একটি করে ঘাস কাটার মেশিন বিতরণ করা হয়েছে। অক্টোবর/২০২৫ মাসে ৪৭৬৪ টি গবাদিপশু ও ৪৫০০০ টি হাঁস-মুরগীর টিকা প্রদান, ১৮৮৯ টি গবাদিপশু ও ১৬৭৭০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ৫৪৩টি গবাদিপশুর কৃত্রিম প্রজনন ও ২৮৩ টি সংকর জাতের বাছুর উৎপাদিত হয়েছে।<br>এছাড়াও উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, নকলা, শেরপুর এর অফিস আঙ্গিনায় মাটি ভরাট করা প্রয়োজন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | (১) গবাদিপশুর চিকিৎসা সেবা ও খামারিদের পরামর্শ প্রদান কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) গবাদিপশু ও পোষা প্রাণীর টিকাদান কার্যক্রম বিধি মোতাবেক সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, নকলা পৌরসভা ও উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নকলা, শেরপুর |
| ০৫ | **উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বর্তমান অর্থবছরে চাষীদের ২ ব্যাচ প্রশিক্ষণ এর বরাদ্দ পাওয়া গিয়েছে। এছাড়া নকলার দুটি বিলে অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ এর বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রশিক্ষণের চাষী নির্বাচনের কাজ চলমান রয়েছে। এছাড়া নকলা উপজেলার ০২টি বিলে অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ এর বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>মৎস্য চাষীদের প্রশিক্ষণ, পরামর্শ প্রদান, খামার পরিদর্শন পুকুর পরিদর্শন মাটি-পানির গুনাগুন পরীক্ষা ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (১) মৎস্য চাষীদের প্রশিক্ষণ, খামার ও পুকুর পরিদর্শন, মাটির গুণাগুণ পরীক্ষাসহ অন্যান্য কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) সরকারি জলাশয়/জলমহালগুলোর বর্তমান সার্বিক অবস্থা সম্পর্কে প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ০৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** সহকারী পরিচালক, সভায় জানান যে, চলতি মাসে মোট খাবার বড়ি ৯৫৮ জন, কনডম ১৯৯৮ জন, ইনজেকশন ৫৭৬ জন, আইইউডি ১৫ জন, ইম্প্ল্যান্ট ৭২ জন, পুরুষ বন্ধ্যাকরণ জন, মহিলা বন্ধ্যাকরণ ৮৩ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ৩৫৫৪২ জন, গ্রহণকারীর হার ৭৫.১৭ %। চলতি মাসে মা ও শিশু স্বাস্থ্য সেবার তথ্য মোট গর্ভবতী ১৬৬২ জন, গর্ভবর্তী পরিচর্যা ৪১৫ জন। জন্ম ২৪ জন, মৃত্যুর সংখ্যা ০০জন, শিশু পরিচর্যা ১০৫৬ জন, সাধারণ রোগী পরিচর্যা ৬১৬৫ জন। এ ছাড়াও বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) বিধি মোতাবেক জন্ম নিয়ন্ত্রণ, মা ও শিশুর পরিচর্যা কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) আশ্রয়ণ/গুচ্ছগ্রামে কার্যক্রম জোরদার ও স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতির হার বৃদ্ধি করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রগুলো নিয়মিত তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ০৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নকলা সভায় জানান যে, নকলা উপজেলায় বিশ্ব শিক্ষক দিবস ২০২৫ উদ্‌যাপনে অংশগ্রহণ করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। নকলা উপজেলায় নকলা শাহরিয়া ফালিল মাদ্রাসা কেন্দ্রে ফার্যিল ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষের পরিক্ষা চলমান। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনলাইন জরিপ গত ২৩/১০/২০২৫ খ্রি. তারিখে শুরু হয়ে চলমান রয়েছে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম প্রতিষ্ঠানের শিক্ষকগণের সাথে মত বিনিময়ের মাধ্যেমে ০২টি প্রতিষ্ঠানের অর্ন্তদ্বন্ধ, নিরসনকরা হয়েছে। এ চেষ্টা অব্যাহত থাকবে। অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (১) মানসম্মত মাধ্যমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ/মা সমাবেশ আয়োজনপূর্বক প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নকলা, শেরপুর |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নকলা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে কোন সমস্যা নাই। সকলের সহযোগীতা কামনা করেন। অত্র বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (১) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রাথমিক বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নকলা, শেরপুর |

চলমান পাতা-০৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, নকলা উপজেলায় চলতি মাসের ০৮টি প্রকল্প/কর্মসূচি ২৩৬জন সুফলভোগী সদস্যদ্যের মাঝে ২০১.৮২ (লক্ষ টাকা)। ২০২৫-২৬ অর্থবছরে ঋণ বিতরণ করা হয়েছে। উল্লেখিত উক্ত মাসসহ বছরে আদায় ১৯২.১২ (লক্ষ টাকা)। ২০২৫-২৬ অর্থবছরে ঋণ আদায় করা হয়েছে। কোন প্রকল্পের খেলাপী ঋণ বৃদ্ধি পায় নাই। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | (১) আইন-বিধি মোতাবেক ঋণ প্রদান ও আদায় এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বিআরডিবি'র মালিকানাধীন বাসা বাড়িতে বসবাস-কারীদের তথ্য হালনাগাদ করণ এবং বাসা ভাড়া নিয়মিত আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১০ | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতা কার্যক্রমের আবেদন ১৩ অক্টোবর থেকে শুরু হয়ে ০৬ নভেম্বর ২০২৫ পর্যন্ত চলবে। সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম, সমাজকল্যাণ পরিষদের অনুদান, রোগীকল্যাণ সমিতি সহায়তা, প্রবেশন ও শিশু সুরক্ষা বেসরকারি এতিমখানা সংক্রান্ত, প্রতিবন্ধী সেবার আওতায় জরিপ ও ভ্রাম্যমান ভ্যান থেরাপিসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়াও হ্যাকার/প্রতারক হতে সতর্ক থাকার জন্য সচেতনতা বৃদ্ধিতে সকলের সহযোগিতার অনুরোধ করা হলো। | (১) আইন-বিধি মোতাবেক ভাতা প্রদানসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) পুনর্বাসিত ভিক্ষুকগণ যাতে পুনরায় ভিক্ষাবৃত্তিতে না জড়ায় সে বিষয়ে তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে অত্র উপজেলার (ভিডব্লিউবি) কর্মসূচি নতুন চক্রের সেপ্টেম্বর/২০২৫ মাসের ডিও জারি করা হয়েছে।<br>খ) মা ও শিশু সহায়তা কর্মসূচির পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে আবেদন চলমান রয়েছে।<br>গ) মহিলা সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ মাসের প্রশিক্ষণের কার্যক্রম চলমান রয়েছে।<br>ঘ) নকলা উপজেলায় স্বেচ্ছাসেবী মহিলা উন্নয়ন সমিতি রয়েছে ০৯টি। নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সমিতির উন্নয়নের জন্য অনুদানের লক্ষে জেলায় প্রতিবেদন প্রেরণ করা হবে।<br>ঙ) পৌরসভা-১টি এবং ইউনিয়ন-৯টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। প্রতি শুক্র ও শনিবার বিকাল ৩-৫ টা পর্যন্ত জেন্ডার, সংগীত ও আবৃত্তি বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয় এবং শিক্ষার্থীদের মাঝে নাস্তা সরবরাহ করা হয়।<br>ঙ) চলতি মাসে ১টি বাল্য বিবাহ প্রতিরোধ করা হয়েছে। নারী নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি।<br>গ) অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক আছে। | (১) সরকারি নির্দেশনা মোতাবেক ভিডব্লিউবি কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) মহিলাদের সেলাই প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩)বিধি মোতাবেক কিশোর-কিশোরী ক্লাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১২ | **উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় অফিসার, নকলা শেরপুর, সভায় জানান যে, নকলা উপজেলায় কেন্দ্রীয় সমবায় ০২(দুই)টি সমিতির রয়েছে। ২০২৫-২৫ সনে প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১০৭টি, ২০২৫-২০২৬ সনে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-০০টি। সর্বমোট-১০৭টি সমিতি রয়েছে। অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা ৯৬টি। চলতি মাসে পর্যন্ত অডিট সম্পাদন-৩৩টি। শেয়ার মূলধনের পরিমাণ ৯৮,৮৭,৫০০/-টাকা। সঞ্চয় আমানতের পরিমান ৫,০৯,৮১,০০০/-টাকা। ২০২৪-২০২৫ আদায়কৃত অডিট সেস ২৩,৭৩০/-টাকা। আদায়কৃত সিডিএফ-২৬,৮৫৪/-। শতভাগ অডিট সেস ও সিডিএফ এর অর্থ আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। | (১) আইন-বিধি মোতাবেক ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) আশ্রয়ণ প্রকল্পের ঋণ গ্রহীতাদের হালনাগাদ তথ্যাদি সংগ্রহপূর্বক ঋণ আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) নিবন্ধিত সমবায় সমিতির তদারকি ও অডিট কার্যক্রম যথাযথ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, নকলা, শেরপুর |

চলমান পাতা-০৪

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২)ঃ চলতি মাস পর্যন্ত গনপদ্দী আশ্রয়ণ প্রকল্পফেইজ-২ এর সদস্যদের মাঝে ২,৮০,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি মাস পর্যন্ত আদায়ের পরিমাণ ২৯,৫০০/-টাকা। খেলাপী ঋণের পরিমাণ ২,৫০,৫০০/-টাকা। আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ এর ব্যারাক সংখ্যা ০৪টি, সদস্য সংখ্যা ৭৯ জন, মৃত্যু বরণ করেছেন ০৩জন। বর্তমানে ০৯জন সদস্য ব্যারাক হাউজে অবস্থান করেন। অবশিষ্ট সদস্য অন্যত্র বসবাস করে বিধায় ঋণ আদায় কার্যক্রম ব্যাহত হচ্ছে।<br>উল্লেখ্য যে উন্নত জাতের গাভী পালন প্রকল্প অত্র উপজেলায় দুইটি নারী উন্নয়ন সমবায় সমিতি রয়েছে। ক) নারায়নখোলা নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ, খ) বাছুর আলগা নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>উক্ত সমবায়ের সদস্য সংখ্যা যথাক্রমে ১২১+১২২=২৪৩ জন। ঋণ গ্রহীতার সংখ্যা ১০০+১০০=২০০ জন। ঋণ বিতরণের পরিমাণ (আবর্তক ঋণসহ) ৫,৪৫,০০,০০০/-টাকা। এ পর্যন্ত সার্ভিস চার্জসহ আদায় যোগ্য ঋণের পরিমাণ ৩,৬৯,০৪,০০০/- টাকা। আদায় হার ৯৭%।<br>সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৬০টি গ্রাম ৬০টি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে। প্রকল্পের বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে সুযোগ সুবিধা পাচ্ছে।<br>অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে। | | |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় কর্মপ্রত্যাশী যুবদের দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি প্রশিক্ষিত যুবদের কর্মসংস্থানের জন্য যুব ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) আইন-বিধি মোতাবেক ঋণ প্রদান ও আদায় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বেকার যুবদের প্রাধান্য দিয়ে কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নকলা, শেরপুর |
| ১৪ | **উপজেলা খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নকলা শেরপুর সভায় জানান যে, মজুদ ব্যবস্থাপনা খাদ্য গুদামের অদ্যকার মজুদ চাল সিদ্ধ ১১১১.৯০০ মেঃ টন ও গম ৮৯.৮৪২ মেঃটন নকলা উপজেলার আপদকালীন মজুদ হিসাবে সংরক্ষিত আছে।<br>**খ) সংগ্রহ কার্যক্রমঃ** নেই<br>**গ) বিতরণ কার্যক্রমঃ** টিসিবি খাতে ওএমএস এর বরাদ্দকৃত চাল সংশ্লিষ্ট ডিলারের মাধ্যমে বিতরণ করা হয়েছে।<br>**ঘ) বাজার মনিটরিংঃ** উপজেলা খাদ্য বিভাগের পক্ষ থেকে প্রতিদিন বাজার মনিটরিং করা হচ্ছে। বর্তমান বাজারে চালের দাম স্বাভাবিক আছে। মনিটরিং কালে উপজেলার রাইসমিল, খুচরা/পাইকারী বিক্রয় দোকানে মজুদ পরিমাণ স্বাভাবিক রয়েছে। মূল্য বৃদ্ধির লক্ষ্যে কোন ব্যবসায়ী/মিল মালিক অসৎ উদ্দেশ্যে অতিরিক্ত মজুদ করার কোন প্রমাণ পরিলক্ষিত হয় নাই।<br>এছাড়াও অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক আছে। | নির্ধারিত আইন-বিধি মোতাবেক ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নকলা, শেরপুর |
| ১৫ | **উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) বিভাগঃ** উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, নকলা সভায় জানান যে, চলতি মাসে ক্ষুদ্র ঋণ, নারী উদ্যোক্তা, সেলপ, কৃষি জীবিকায়ন ও প্রনোদনা ঋণ সর্বমোট বিতরণ করা হয়েছে ৪৫.৮৫ লক্ষ টাকা এবং একই সাথে আদায় হয়েছে ৪২.৫০ লক্ষ টাকা। স্বয়ম্ভরতার হার ১২০%।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনে তার দপ্তরসহ কয়েকটি দপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে। দীর্ঘদিন যাবৎ ভবনটি মেরামত না করায় বর্তমানে জরাজীর্ণ হয়ে পড়েছে। প্রায়শই ভবনের ছাদের প্লাস্টার ঝড়ে পড়ে বিধায় অফিসের কার্যক্রম চালানো ব্যাহত হয়। এছাড়াও দরজা ও জানালা ভেঙ্গে গিয়েছে এবং বাথরুম ব্যবহার অনুপযোগি হয়ে পড়েছে। জরুরি ভিত্তিতে অফিসের ভবনটি মেরামত করা একান্ত প্রয়োজন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে গতিতে চলমান আছে। কোন প্রকার সমস্যা নেই। | (১) নির্ধারিত আইন-বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২)উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনটি জরুরি ভিত্তিতে মেরামত এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নকলা, শেরপুর |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরের টিউবওয়েল স্থাপনের কাজ চলমান। এছাড়া অন্যান্য সকল কাজ স্বাভাবিক গতিতে চলছে। | বিধি মোতাবেক টিউবওয়েল স্থাপনের কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল, নকলা, শেরপুর |
| ১৭ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নকলা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে ১ম পর্যায়ের টি.আর/কাবিটা/কাবিখা এর আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে কাবিটা- মোট বরাদ্দ-১,০৮,৬৮,১৬০.২২ টাকার বিপরীতে ৩৪টি প্রকল্প, কাবিখা (চাল) মোট বরাদ্দ-৬৪.৭৭১ মে:টন এর বিপরীতে ১২টি প্রকল্প, কাবিখা (গম) মোট বরাদ্দ-৬৪.৭৭১ মে:টন এর বিপরীতে ১১টি প্রকল্প, টিআর মোট বরাদ্দ-৮৯৮৪৩৯৯.২০ টাকার বিপরীতে ৪২টি প্রকল্প নেওয়া হয়েছে। এছাড়াও নকলা পৌরসভার টিআর ১ম পর্যায়ে মোট বরাদ্দ-১৮,৪৫,২৮০.৯৯৮ টাকার বিপরীতে ০৯টি প্রকল্প নেওয়া হয়েছে। উল্লিখিত প্রকল্প তালিকা জেলা কর্ণধার কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও মানবিক সহায়তা বিপরীতে জিআর ঢেউটিন বাবদ-৬,০০,০০০/- টাকা, জিআর শীত বস্ত্র বাবদ-৬,০০,০০০/- এবং শুকনা খাবার বাবদ-৩,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দ বিধি মোতাবেক ব্যয় করতে হবে। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা শাখার স্বাভাবিক কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | (১) গৃহীত প্রকল্পসমূহ সংশ্লিষ্ট নীতিমালা ও পরিপত্রের নির্দেশনা মোতাবেক যথানিয়মে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বিধি মোতাবেক ঢেউটিন/শীতবস্ত্র/শুকনো খাবার ক্রয় ও বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নকলা, শেরপুর |
| ১৮ | **বিএডিসিঃ** উপপরিচালক (টিসি), বিএডিসি হিমাগার, নকলা সভায় জানান যে, নকলা জোনের আওতায় চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের সংগ্রহ মৌসুমে বিভিন্ন জাত ও শ্রেণির সর্বমোট ২১১৩.০০ মে. টন বীজআলু সংরক্ষণ করা হয়েছে। সংরক্ষিত বীজআলুর গুনগত মান সন্তোষজনক। ২০২৫-২৬ অর্থবছরের উৎপাদন বর্ষে ২৬০ একর জমিতে বীজআলু উৎপাদনের কর্মসূচি পাওয়া গেছে, কর্মসূচি অনুযায়ী চূড়ান্ত ব্লক নির্বাচন করা হয়েছে এবং ২০২৫-২০২৬ বিতরণ বর্ষে বিভিন্ন বীজ বিপণন অঞ্চলে বিএডিসি'র নিবন্ধিত বীজ ডিলারদের মাধ্যমে বিক্রয়কৃত বীজআলু সরবরাহের কাজ চলমান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক (টিসি), বিএডিসি আলু বীজ হিমাগার, নকলা, শেরপুর |
| ১৯ | **উপজেলা প্রকৌশলী অফিসঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নকলা, শেরপুর সভায় জানান যে, নকলা উপজেলার এডিপি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির ১ম কিস্তির ২১.৪০ (লক্ষ) টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম/২য়/৩য়/৪র্থ কিস্তিতে সম্ভাব্য ৮৫.৬ (লক্ষ) টাকার বরাদ্দ পাওয়া যাবে। অগ্রাধিকার ভিত্তিতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং বিভিন্ন সরকারি অফিস প্রধানদের উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রকল্প দাখিল করার জন্য সভায় অনুরোধ জানান।<br>তিনি আরো জানান যে, 'শেরপুর জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর আওতায় নকলা উপজেলার গুরুত্বপূর্ণ যে সমস্ত উপজেলা, ইউনিয়ন, গ্রামীণ-এ, গ্রামীণ-বি, শ্রেণির সড়কসমূহ কাঁচা অংশীজনদের সাথে আলোচনান্তে পাঁকা করণের জন্য সংযুক্ত-'ক' তালিকা মোতাবেক নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এলজিইডি, শেরপুর এর বরাবর প্রেরণ করা হয়েছে। প্রকল্পগুলো মন্ত্রণালয়ে অনুমোদিত হলে, বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে প্রস্তাবিত প্রকল্পের কাজ করা হবে।<br>তিনি আরো জানান যে, "গ্রামীণ সড়কের গুরুত্বপূর্ণ ব্রীজ নির্মাণের সমীক্ষা প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় নকলা উপজেলায় নারায়ণখোলা জিসি-অষ্টধর জিসি সড়কের (আইডি: ৩৮৯৬৭২০০৫) ১৪০০ মিটার চেইনেজে ব্রীজ নির্মাণের জন্য মাটি পরিক্ষার কাজ চলমান রয়েছে। পরবর্তীতে এলজিইডির ডিজাইন ইউনিট থেকে ব্রীজটির ডিজাইন প্রেরণ করা হলে Vetting এর কাজ সম্পন্ন হবে।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন স্থাপনা সংস্কার ও মেরামত করা প্রয়োজন। | (১) এডিপি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়ন যোগ্য প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২৫ অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩)উপজেলা পরিষদের আওতাধীন অফিস ভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন, আবাসিক ভবন, উপজেলা পরিষদের হলরুম, ড্রেন, রাস্তা-ঘাট প্রভৃতি স্থাপনা উপজেলা প্রকৌশলী, নকলা কর্তৃক সরেজমিনে পরিদর্শনক্রমে সংস্কার ও মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগ হতে বরাদ্দ/প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নকলা, শেরপুর |

চলমান পাতা-০৬

| | | | |
|---|---|---|---|
| | স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ০৩ নভেম্বর ২২০২৫ খ্রি. তারিখের ২৯৮ নং স্মারকে উপজেলা পরিষদের মালিকানাধীন জরাজির্ণ পাবলিক হল (ঝুমুর সিনেমা হল) ভবনটি কনডেম্ড ঘোষনা ও নিলামে বিক্রয়ের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে।<br>এছাড়াও উপজেলা প্রকৌশল বিভাগের আওতায় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে জানান। | (৪) উপজেলা পরিষদের মালিকানাধীন জরাজির্ণ পাবলিক হল (ঝুমুর সিনেমা হল) ভবনটি নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিলাম বিজ্ঞপ্তি প্রদান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২০ | উপজেলা বন বিভাগঃ ডেপুটি রেঞ্জার, নকলা, শেরপুর সভায় জানান যে, নকলা উপজেলায় অবৈধভাবে অসংখ্য করাতকল পরিচালিত হচ্ছে। করাতকলগুলোর নির্ধারিত তালিকা নেই। করাতকলসমূহ সরকারি অনুমোদন ছাড়াই চলছে। তিনি করাতকলসমূহের তালিকা প্রস্তুত করে লাইসেন্স প্রদানের লক্ষ্যে সকলের সহযোগিতা চান। এছাড়া অত্র বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নির্ধারিত আইন-বিধি মোতাবেক করাতকলসমূহের তালিকা প্রস্তুত ও লাইসেন্স প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেপুটি রেঞ্জার, নকলা, শেরপুর |
| ২১ | পাট ও বস্ত্র অধিদপ্তর, উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, নকলা শেরপুর সভায় জানান যে, উন্নত প্রযুক্তি নির্ভয় পাট ও পাট বীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে নকলা উপজেলায় নির্বাচিত ৩০০ জন পাট বীজ উৎপাদনকারীর চাষীয় মাঝে ২০০ গ্রাম করে সর্বমোট-৬০ কেজি পাট বীজের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত পাট বীজ চাষীদের মাঝে বিনামূল্যে বিতরণের কাজ চলমান। ২০২৫-২০২৬ অর্থবছরে পাট বীজ উৎপাদনকারী ৩০০ জন মধ্যে হতে ৭৫ জন চাষীকে ট্রেনিং করানোর জন্য বরাদ্দ পাওয়া গেছে। ট্রেনিং করার জন্য চাষীদের নামের তালিকা প্রস্তুত করা হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) পাট চাষীদের সঠিক পরামর্শ প্রদানসহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>(২) পাট চাষীদের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণ এবং প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, নকলা শেরপুর |
| ২০ | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক, নকলা, শেরপুর সভায় জানান যে, অত্র উপজেলায় ০৯টি ইউনিয়নের মোট সমিতি সংখ্যা-২৮৩টি, মোট সদস্য-১৩৮১৯ জন, ঋণ বিতরণ-২৮.৮৩(কোটি) টাকা, নতুন সদস্য ভর্তি লক্ষ্যমাত্রা-৬৯৩ জন, মোট কিস্তি আদায় লক্ষ্যমাত্রা-৩৩.৫২ (কোটি) টাকা, মোট সঞ্চয় আদায় লক্ষ্যমাত্রা-২.৩৩ (কোটি) টাকা, মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা-২২.০৫ (কোটি) টাকা। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক, নকলা, শেরপুর |
| ২১ | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সংক্রান্তঃ উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বলেন, ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (১) ইউনিয়ন পরিষদ ম্যানুয়েল এবং নির্ধারিত বিধি অনুসারে কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ২২ | জন্ম ও মৃত্যু নিবন্ধনঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ০-৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। তবে নকলার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার সন্তোষজনক নয়। তিনি ০-১ বছর বয়সী সকল শিশুর তালিকা প্রণয়নপূর্বক জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ও পৌরসভাসহ সংশ্লিষ্ট কর্মচারীকে অনুরোধ করেন। তিনি বলেন, সরকারি নির্দেশনা মোতাবেক ০-৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন সম্পন্ন করতে হবে। এছাড়া মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। | (১) জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) প্রত্যেক ইউনিয়নে গ্রামপুলিশগণ সরেজমিনে গ্রাম/ওয়ার্ড হতে তথ্য সংগ্রহপূর্বক রেজিস্টারে লিপিবদ্ধ করে ইউপি প্রশাসনিক কর্মকর্তার নিকট দাখিল করবেন।<br>(৩) গর্ভবর্তী মহিলা এবং প্রসূতি মায়ের তথ্য পরিবার পরিকল্পনা বিভাগ ও স্বাস্থ্য বিভাগ কর্তৃক ইউনিয়ন/পৌরসভায় সরবরাহ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, নকলা পৌরসভা, শেরপুর/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্তকর্তা/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার/ ইউপি চেয়ারম্যান, (সকল)/ ইউপি প্রশাসনিক কর্মকর্তা, নকলা, শেরপুর |

২৩ **বিবিধঃ০১.**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার, নকলা, সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের (বিদ্যুৎ গ্রাহক নং-৭১৯২৯০০৩) এর সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ-৪,৯৮,৭৭২/-(চার লক্ষ আটানব্বই হাজার সাতশত বাহাত্তর) টাকা বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (১) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস (বিদ্যুৎ গ্রাহক নং-৭১৯২৯০০৩) এর আংশিক বিদ্যুৎ বিল বাবদ-২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সংশ্লিষ্ট বিভাগ/ দপ্তরের প্রধানগণ। |
| (খ) উপজেলা নির্বাহী অফিসার, নকলা, সভায় জানান যে, মিজ লাকী আক্তার, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর ০১ আগস্ট ২০২৪ হতে ১৭ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সর্বমোট-১৭(সতের) দিনের সম্মানী ভাতাদি প্রাপ্তির আবেদন করেন। উল্লেখ্য যে, গত ১৮ আগস্ট ২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে অপসারণ করে প্রশাসক নিয়োগ করা হয়। বিধি মোতাবেক তিনি জুলাই, ২০২৫ খ্রি. মাস পর্যন্ত সম্মানী ভাতা উত্তোলন করেছেন। তার আবেদনে উল্লিখিত ১৭ দিনের বকেয়া সম্মানী ভাতা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (২) নকলা উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান এর ০১ আগস্ট ২০২৪ হতে ১৭ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১৭(সতের) দিনের সম্মানী ভাতা প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (গ) উপজেলা নির্বাহী অফিসার, নকলা, সভায় জানান যে, উপজেলা প্রকৌশলী কার্যালয়ের ১২/১০/২০২৫ খ্রি. তারিখের ৪৩৭ নং স্মারকে উপজেলা পরিষদের আওতাধীন এডিপি'র এবং উন্নয়ন সহায়তা খাতের আওতায় পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির ০৩টি বিল দাখিল করা হয়েছে। উল্লিখিত বিলগুলো ইতোপূর্বে পরিশোধ করা হয়নি মর্মে উল্লেখ করা হয়। (নিচের সারণি দ্রষ্টব্য) বিলগুলো পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (৩) উপজেলা পরিষদের আওতাধীন এডিপি'র এবং উন্নয়ন সহায়তা খাতের আওতায় পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তির ০৩টি বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| (ঘ) উপজেলা নির্বাহী অফিসার, নকলা, সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভা ফলপ্রসূ ও কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগ হতে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও কার্যপত্র যথাসময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন। | (৪) প্রতিটি দপ্তর হতে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও কার্যপত্রের হার্ডকপি ও সফটকপি সভার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৩(তিন) কার্যদিবসের পূর্বে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

(গ) অনুচ্ছেদের সারণি:

| ক্রম | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থবছর | প্রকাশিত পত্রিকার নাম | বিলের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ০১/২০২২-২৩ (জাইকা প্রকল্প) | এডিপি ২০২২-২৩ | দেশ রূপান্তর | ২৪,৮৪০/- |
| ২ | ৭/২০২৩-২৪ | এডিপি ২০২৩-২৪ | The Muslim Times | ৬,৭৭১/- |
| ৩ | ৭/২০১৭-১৮ | এডিপি ২০২৩-২৪ | The Asian Age | ১৯,৬১৪/- |
| | সর্বমোট- | | | ৫৫,২২৫/- |

বিলগুলো পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**বিবিধঃ০২.** চলতি মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষাঙ্গিক খরচ ও অন্যান্য বিল রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সভায় উপস্থাপন করা হয়।

| ক্রম | বিবরণ | টাকা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিসের অফিস সরঞ্জামাদি (প্লেট ও কাপ পিরিজ) ক্রয় বাবদ বিল | ২৪,৮০০/- | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উল্লিখিত বিলগুলো পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন/ ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়। |
| ০২ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ বিল | ৫,০০০/- | |
| ০৩ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- | |
| ০৪ | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৫ মাসের ইন্টারনেট বিল | ৪,৫০০/- | |
| ০৫ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত শ্রমিক জনাব মোঃ ফারুক মিয়া, মালী এর আগস্ট/২০২৫ মাসের ২২দিনের মজুরি বিল | ১৫,৪০০/- | |
| ০৬ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত শ্রমিক জনাব গোলাম মোস্তফা, সুইপার এর আগস্ট/২০২৫ মাসের ২২দিনের মজুরি বিল | ১৫,৪০০/- | |
| ০৭ | উপজেলা পরিষদের মেঘনা ও যমুনা কোয়ার্টারের বৈদ্যুতিক তার, সুইচ, বাল্ব ইত্যাদি মালামাল ক্রয় ও স্থাপন বাবদ বিল | ১০,৮০০/- | |

চলমান পাতা-০৮

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৮ | উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসার ক্যাম্পের এলপিজি গ্যাস ক্রয় বাবদ বিল | ১০,৯১১/- | |
| ০৯ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিসের জানালার পর্দা ক্রয় বাবদ বিল | ২৪,৯০০/- | |
| ১০ | ৩নং উরফা ইউনিয়নের মশা নিধনের ব্যয় বাবদ বিল | ৫,০০০/- | |
| ১১ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিসের প্রিন্টারের টুনার, ফটোকপি মেশিন ও প্রিন্টার মেরামত বাবদ বিল | ২৪,৯০০/- | |
| ১২ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিসের টেবিল ও চেয়ার ক্রয় বাবদ বিল | ২৪,৮০০/- | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২০২৫

মোঃ জাহাঙ্গীর আলম
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নকলা, শেরপুর

স্মারক নংঃ ০৫.৪৫.৮৯৬৭.০০০.০০০.০৬.০০০১.২৫-

তারিখ ঃ ১২ কার্তিক ১৪৩২ / ২৮ অক্টোবর ২০২৫

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
২। জেলা প্রশাসক, শেরপুর
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর
৪। প্রশাসক, নকলা পৌরসভা, শেরপুর
৫। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা, নকলা, শেরপুর
৬। চেয়ারম্যান ---------------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), নকলা, শেরপুর
৭। জনাব ----------------------------------------
৮। অফিস কপি

২৮/১০/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
নকলা, শেরপুর

CamScanner